# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
**এসএমই বিভাগ**
www.krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৪-২০২৫/ ৯২৬ (১২৫০) তারিখঃ ২১/০৮/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর পর্যন্ত) বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। টেকসই ও পরিবেশবান্ধব শিল্পায়নের মাধ্যমে দেশের অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি ত্বরান্বিত করে জনগণের আর্থসামাজিক উন্নয়ন, শ্রমঘন ও রপ্তানিমুখী শিল্পের উন্নয়ন, শিল্পের বহুমুখীকরণ, সেবাখাতের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে শিল্পায়নের মূল চালিকা শক্তি হিসাবে বিকাশিত করার সহায়ক পরিবেশ সৃষ্টি অর্থাৎ একটি টেকসই অর্থনীতি গড়ে তুলতে CMSME খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি অত্যন্ত জরুরী। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনা করা যেতে পারে ঃ

২.১ প্রতিটি জেলা/ উপজেলা পর্যায়ের শাখা কর্তৃক প্রতি ধাপে ৪০ টি এবং প্রতিটি ইউনিয়ন পর্যায়ের শাখা কর্তৃক প্রতি ধাপে ২০ টি করে নতুন এসএমই (মেয়াদী/চলমান) ঋণ যথানিয়মে মঞ্জুরি নিশ্চিত করতে হবে। একইভাবে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক প্রতি ধাপে ৩০ টি এবং বিভাগীয় মহাব্যবস্থাপক কর্তৃক প্রতি ধাপে ন্যূনতম ২০ টি নতুন ঋণ মঞ্জুর করতে হবে।

২.২ প্রতিটি বিভাগীয় কার্যালয় হতে মাসে ন্যূনতম ০৫ টি নতুন ঋণ প্রস্তাব প্রধান কার্যালয়ের ক্ষমতায় মঞ্জুরীর জন্য প্রেরণ করতে হবে।

২.৩ প্রতিটি শাখাকে মাসে ০১ (এক) দিন ক্যাম্প/মহাক্যাম্প আয়োজনের মাধ্যমে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে প্রকাশ্যে ঋণ বিতরণ করতে হবে।

২.৪ এসএমই খাতে নতুন ঋণ, নারী উদ্যোক্তা ঋণ এবং গ্রিণ ব্যাংকিং ও সাসটেইনেবল ফাইনান্সিং খাতে আনুপাতিক ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

২.৫ ক্রেডিট গ্যারান্টি স্কীমের আওতায় নতুন ঋণ প্রদান করতে হবে।

২.৬ ডিসেম্বর-২০২৪ সালের মধ্যে সিএমএসএমই খাতের ঋণ স্থিতি মোট ঋণ স্থিতির ২৫% এ উন্নীত করতে হবে;

০৩। বর্নিত প্রেক্ষাপটে এবং অত্র ব্যাংকের আর্থিক ভিত্তি শক্তিশালী করার পাশাপাশি ব্যাংকটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার প্রত্যয় নিয়ে ২০২৪-২০২৫ অর্থবছরের CMSME খাতের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে স্বল্পমেয়াদী পদক্ষেপ হিসেবে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ১২০ দিনের (০১ আগস্ট ২০২৪ হতে ২৮ নভেম্বর ২০২৪ পর্যন্ত) ঘোষিত বিশেষ কর্মসূচীতে উল্লেখিত CMSME খাতের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনে গুরুত্বর সাথে বিবেচনার জন্য অনুমোদনক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২১/০৮/২৪

(আ. ন. ম.বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২৪৭-১২০১৬৬
Email:dgmsme@krishibank.org.bd

**বিষয় ঃ ২০২৪-২০২৫ অর্থবছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে ১২০ (একশত বিশ) দিনের (০১ আগস্ট হতে ২৮ নভেম্বর পর্যন্ত) বিশেষ কর্মসূচী বাস্তবায়ন প্রসঙ্গে।**

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ-৭(৮)/২০২৪-২০২৫/ ১২৮(১২৫০) তারিখঃ ২১/০৮/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Pksarkar
(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক